গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়,
বাংলাদেশ রেলওয়ে,
রেলভবন, ঢাকা।

নং- রেল/পি আর /প্রেস বিজ্ঞপ্তি-২০(১৬)-২ তারিখঃ ৩০/০৪/২০২০

পার্শ্বেল স্পেশাল ট্রেন পরিচালনা সংক্রান্ত

প্রেস বিজ্ঞপ্তি

বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর প্রেক্ষিতে লকডাউন অবস্থায় কৃষকের উৎপাদিত পণ্য, শাক-সবজি, খাদ্য ও পচনশীল সামগ্রী পরিবহনের জন্য বাংলাদেশ রেলওয়ের ঢাকা-চট্টগ্রাম-ঢাকা, ঢাকা-দেওয়ানগঞ্জ-ঢাকা এবং খুলনা-ঢাকা-খুলনা রুটে তিন জোড়া পার্শ্বেল স্পেশাল ট্রেন পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়েছে যা আগামী ০১ মে, ২০২০ হতে কার্যকর হবে। চট্টগ্রাম-ঢাকা-চট্টগ্রাম রুটের ট্রেনটি চট্ট গ্রাম থেকে ছাড়বে প্রতিদিন সকাল ১০:০০ ঘটিকায় ঢাকায় পৌছাবে রাত্র ২০:৩০ ঘটিকায়, ঢাকা-দেওয়ানগঞ্জ-ঢাকা রুটের ট্রেনটি দেওয়ানগঞ্জ থেকে ছাড়বে প্রতিদিন সন্ধ্যা ১৯:০০ ঘটিকায় ঢাকায় পৌছাবে রাত্র ০৩:১৫ ঘটিকায়, খুলনা-ঢাকা-খুলনা রুটে ট্রেনটি খুলনা থেকে ছাড়বে বিকাল ১৬:৪৫ ঘটিকায় ঢাকায় পৌছাবে রাত্র ০৩:৩০ ঘটিকায় যা খুলনা থেকে প্রতি শুক্র, রবি এবং মঙ্গলবার চলাচল করবে।

বিজ্ঞপ্তিটি জনস্বার্থে আপনার স্বনামধন্য পত্রিকায় প্রকাশের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

.....

বিজ্ঞপ্তিটি জনস্বার্থে আপনার ইলেকট্রনিক মিডিয়াতে ফুট নোটে (স্ক্রলে) প্রচারের জন্য অনুরোধ করা হলো।

মোহাম্মদ সফিকুর রহমান
পরিচালক (জনসংযোগ)
মোবাঃ ০১৭১১৬৯১৬০২
ই-মেইলঃ dirpr@railway.gov.bd

প্রাপক,

বার্তা সম্পাদক(সকল)